

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩৭
আগরতলা, ১২ মার্চ, ২০২৫

বৈজ্ঞানিক পদ্ধতিতে শূকর ও হাঁস পালন বিষয়ে
ধলাই কেভিকেতে আলোচনাচক্র



‘বৈজ্ঞানিক পদ্ধতিতে শূকর ও হাঁস পালন ব্যবস্থাপনা’ বিষয়ে আজ সালেমাস্থিত ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্রে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্র, আইসিএআর, ইন্ডিয়ান ভেটেরিনারি রিসার্চ ইনস্টিটিউট এবং কলকাতার ইন্স্টার্ন রিজিওন্যাল স্টেশনের যৌথ উদ্যোগে এই আলোচনাচক্র আয়োজিত হয়। কৃষকদের আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে শূকর ও হাঁস পালন সম্পর্কে সচেতন করাই এই কর্মসূচির মূল উদ্দেশ্য।

অনুষ্ঠানের প্রধান অতিথি কলকাতার আইসিএআর-আইভিআরআই, ইন্স্টার্ন রিজিওন্যাল স্টেশনের প্রধান ড. অর্ণব সেন এবং প্রধান বিজ্ঞানী ড. দয়াময় মন্ডল বৈজ্ঞানিক পদ্ধতিতে শূকর ও হাঁস পালনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। পাশাপাশি তারা আধুনিক ও কার্যকরী পশুপালন পদ্ধতি, রোগ ব্যবস্থাপনা এবং পুষ্টির বিষয়গুলিও আলোচনায় তুলে ধরেন। অনুষ্ঠানে উপস্থিত সালেমা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বীণা দাস বিশ্বাস ও ভাইস চেয়ারম্যান ননীগোপাল কর এবং সালেমা বিএসি’র চেয়ারম্যান বিমল দেববর্মা গ্রামীণ অর্থনীতিতে পশুপালনের গুরুত্ব ব্যাখ্যা করে আধুনিক কৃষি প্রযুক্তি গ্রহণের জন্য কৃষকদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে কৃষকদের মধ্যে উন্নত জাতের শূকর ছানা, হাঁসের বাচ্চা, পশুখাদ্য সহ বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। ধলাই কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।
